

# চট্টগ্রামে বোর্ডে ৫ বছরে সর্বনিম্ন পাসের হার

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১১ জুলাই ২০২৫, ১০:৪৪



মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ঘোষিত ফলাফলে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাস করেছে ৭২ দশমিক শূন্য ৭ শতাংশ। যা গত পাঁচ বছরে সর্বনিম্ন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বৃহস্পতিবার (১০ জুলাই) চট্টগ্রাম শিক্ষা বোর্ডে প্রকাশিত ফলাফল পর্যালোচনায় এসব তথ্য পাওয়া গেছে। এক সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকাশিত ফলাফলে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এ পারভেজ সাজ্জাদ চৌধুরী এসব তথ্য জানান।

এবার এক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যাও পাঁচ বছরের মধ্যে সবচেয়ে বেশি। এবার এক বিষয়ে ২৪ হাজার ৬৬৮ জন পরীক্ষার্থী ফেল করেছে। এবার পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৪০ হাজার ৩৮৮ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ১ হাজার ১৮১ জন।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, ২০২১ সালের পরীক্ষায় ১ লাখ ৫৮ হাজার ৬৩৬ জন অংশ নিয়ে ১ লাখ ৪৪ হাজার ৫৫০ জন পাস করে। ওই বছর পাসের হার ছিল ৯১ দশমিক ১২ শতাংশ। ২০২২ সালের পরীক্ষায় ১ লাখ ৪৮ হাজার ৫৪০ জন অংশ নিয়ে ১ লাখ ৩০ হাজার ১৩ জন পাস করে। ওই বছর পাসের হার ছিল ৮৭ দশমিক ৫৩ শতাংশ।

২০২৩ সালের পরীক্ষায় ১ লাখ ৫৩ হাজার ৩৮৩ জন অংশ নিয়ে ১ লাখ ২০ হাজার ৮৬ জন পাস করে। ওই বছর পাসের হার ছিল ৭৮ দশমিক ২৯ শতাংশ। ২০২৪ সালের পরীক্ষায় ১ লাখ ৪৫ হাজার ২৪ জন অংশ নিয়ে ১ লাখ ২০ হাজার ৮৭ জন পাস করে। ওই বছর পাসের হার ছিল ৮২ দশমিক ৮০ শতাংশ।

আর চলতি বছর ১ লাখ ৪০ হাজার ৩৮৮ জন অংশ নিয়ে ১ লাখ ১ হাজার ১৮১ জন পাস করে। এ বছর পাসের হার ৭২ দশমিক শূন্য ৭ শতাংশ।